৬

দৈনিক ইনকিলাব

তারিখ 24 AUG 1994
পৃষ্ঠা ১ কলাম ১

# সকলের জন্য শিক্ষা নিশ্চিত করতে যুগান্তকারী পদক্ষেপ নেয়া হয়েছে

—প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, বর্তমান গণতান্ত্রিক সরকার সকলের জন্য শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে শিক্ষা খাতে যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছেন।

তিনি গতকাল সন্ধ্যায় তার হেয়ার রোড অফিসে সিলেট জেলার বিভিন্ন কলেজ ছাত্র সংসদে নবনির্বাচিত কর্মকর্তাদের উদ্দেশ্যে বক্তৃতা করছিলেন।

ছাত্র দলের থানা ও জেলা শাখার নেতৃবৃন্দ এবং কয়েকজন নবনির্বাচিত কর্মকর্তাও এ উপলক্ষে বক্তৃতা করেন। তারা শিক্ষা খাতে বাস্তব পদক্ষেপ নেয়ার জন্য প্রধানমন্ত্রী ও তার সরকারকে ধন্যবাদ জানান।

অন্যান্যের মধ্যে ছাত্র দল সভাপতি ফজলুল হক মিলন, বিএনপি নেতা হারিস চৌধুরী, ডাকসু ভিপি আমান উল্লাহ আমান এমপি,

শেষ পৃঃ ১-এর কঃ দেখুন

## প্রধানমন্ত্রী

প্রথম পৃষ্ঠার পর

শিক্ষামন্ত্রী জমিরউদ্দিন সরকার, এবং অর্থমন্ত্রী এম সাইফুর রহমানও এ উপলক্ষে বক্তৃতা করেন।

প্রধানমন্ত্রী বলেন, শিক্ষার জন্য খাদ্য বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা এবং ছাত্রীদের জন্য দশম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষার মতো বিভিন্ন কর্মসূচী জাতির দ্রুত অগ্রগতি ও সমৃদ্ধি অর্জনে সহায়ক হবে। খবর বিটিভি'র।